



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২০.১৩৭

তারিখ : ৩১-০৮-২০২১ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি-মার্চ-এপ্রিল এবং জুলাই, ২০২১ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল ৩১-০৮-২০২১ তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ০২-০৯-২০২১ খ্রিঃ হতে ১২-০৯-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ১৩-০৯-২০২১ খ্রিঃ হতে ১৪-০৯-২০২১ খ্রিঃ পর্যন্ত পুনঃনিরীক্ষণ আবেদনকৃত ছাত্র/ছাত্রীদের তথ্য অনলাইন থেকে প্রিন্ট করতে হবে। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ প্রতিষ্ঠান কর্তৃক সোনালী সেবার মাধ্যমে ১৪-০৯-২০২১ খ্রিঃ হতে ১৬-০৯-২০২১ খ্রিঃ পর্যন্ত পরিশোধ করতে হবে। উল্লেখ্য সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ হতে বদলীকৃত শিক্ষার্থীরা বদলীকৃত সরকারী পলিটেকনিক ইন্সটিটিউট হতে পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করতে হবে। সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি পরিশোধ করার প্রক্রিয়া সংযুক্ত ছকে দেয়া হলো।

অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া :

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল → প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

প্রতিষ্ঠানের জন্য করণীয় :

- (১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন সরাসরি/ ভার্চুয়াল মাধ্যমে গ্রহন করবে।
- (২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষণ ফি মোবাইল ব্যাংকিং/ সরাসরি গ্রহন করবে।
- (৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য সংযুক্ত ছক অনুসরণ পূর্বক www.bteb.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করতে হবে।
- (৪) প্রতিষ্ঠান সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি বোর্ডে প্রেরণ করবে।
- (৫) অনলাইনে এন্ট্রিকৃত পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ সোনালী সেবার মাধ্যমে পরিশোধিত পুনঃনিরীক্ষণ ফি সহ সকল হার্ডকপি ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত বোর্ডে প্রেরণ করবেন।
- (৬) পুনঃনিরীক্ষণের জন্য সরাসরি বোর্ডে কোন আবেদন গ্রহন করা হবে না। এ সংক্রান্ত কাজে কোন পরীক্ষার্থী সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।